# ৫ম উপজেলা পরিষদের শাহরাস্তি উপজেলায় 'নভেম্বর-২০২১' মাস ও ৩২তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ : ২৯.১১.২০২১ খ্রিঃ সকাল- ১১.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন (হলরুম), শাহরাস্তি, চাঁদপুর।
সভাপতি : জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
সভায় উপস্থিত সদস্য/সদস্যাগণের নামের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট ''ক'' দ্রষ্টব্য

জনাব নাসরিন জাহান চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর এর সভাপতিত্বে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মহান আল্লাহ দরবারে শুকরিয়া জ্ঞাপন করা হয়। তিনি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান এবং অত্র উপজেলার সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয় ও পাঠকৃত বিবরণীর উপর বিস্তারিত আলোচনান্তে কোনরূপ পরিবর্তন বা সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর নিম্নরূপ বিভাগ ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হয়ঃ

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>১.</td><td><u>স্থানীয় সরকার প্রকৌশল (এলজিইডি) বিভাগঃ</u><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি সভায় বলেন যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্প সমূহের প্রাক্কলন তৈরির কাজ চলমান রয়েছে। প্রাক্কলন প্রস্তুতপূর্বক অতিদ্রুত দরপত্র আহবানের মাধ্যমে প্রকল্প কাজ বাস্তবায়ন করা হবে।<br><br>তিনি সভায় আরো জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় সূচীপাড়া উত্তর ইউপি এর ক্রমিক নং-১১ প্রকল্পটি বাস্তবায়ন কাজ টেন্ডার এর পরিবর্তে প্রকল্প কমিটি'র মাধ্যমে বাস্তবায়ন করার জন্য সংশোধিত কপি সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।<br>ক) <u>বার্ষিক উন্নয়ন কর্মসূচি (ADP)ঃ</u> (অর্থবছরঃ ২০২১-২০২২)
<table>
<tr><th>ক্র নং</th><th>প্রকল্পের নাম</th><th>খাতের নাম</th><th>প্রাক্কলিত মূল্য</th></tr>
<tr><td colspan="3">সূচীপাড়া উত্তর ইউপি</td><td></td></tr>
<tr><td>১১.</td><td>নুনিয়া-দৈয়ারা রাস্তা হতে লিটন বিএসসি বাড়ি পর্যন্ত রাস্তা সলিং করণ। (পিআইসি)</td><td>বস্তুগত অবকাঠামো</td><td>১৫৫০০০.০০</td></tr>
</table></td><td>(ক) ২০২১-২০২২অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ও উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় অনুমোদিত প্রকল্প সমূহের প্রাক্কলন আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে প্রস্তুতপূর্বক দরপত্র আহবান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(খ) সভায় সংশোধিত প্রকল্পটি প্রকল্প কমিটি'র মাধ্যমে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, শাহরাস্তি।<br><br>চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি।</td></tr>
<tr><td>২.</td><td><u>দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগঃ</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তি সভায় জানান যে, ২০২১-২০২২অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা এর নির্বাচনী ও উপজেলা পরিষদ এর আওতায় প্রাপ্ত ১ম কিস্তি বরাদ্দ অনুযায়ী অনুমোদিত প্রকল্পের সমূহের প্রিওয়ার্ক ও প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। অত্র উপজেলায় ১০টি ইউপিতে নির্বাচন ২০২১ উপলক্ষে আপাতত টি.আর. কাবিখা ও কাবিটা ইত্যাদির কাজ সাময়িক স্থগিত রয়েছে। নির্বাচন পরবর্তী দ্রুত কাজ বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>তিনি আরো জানান যে, ২০২১-২০২২অর্থবছরে আসন্ন শীত মৌসুমে গরীব, অসহায় দুঃস্থ ও হতদরিদ্রের মাঝে বিতরণের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার হতে জেলা প্রশাসক, চাঁদপুর মাধ্যমে অত্র উপজেলায় ১০টি ইউপির অনুকূলে মোট- ৪,০০০টি এবং পৌরসভার অনুকূলে মোট- ৪৭০টি কম্বল পাওয়া গেছে। তাছাড়া ২০২১-২০২২অর্থবছরে চলমান শীত মৌসুমে শীত মোকাবেলায় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে জেলা প্রশাসক, চাঁদপুর মহোদয়ের মাধ্যমে অত্র উপজেলার অনুকূলে কম্বল/শীতবস্ত্র ক্রয়ের জন্য উপজেলা ভিত্তিক মোট- ৮,৬২,৯৩০/-(আট লক্ষ বাষট্টি হাজার নয়শত ত্রিশ) টাকা এবং পৌরসভা ভিত্তিক মোট- ৭৫,৫০৩/- (পঁচাত্তর হাজার পাঁচশত তিন) টাকা নগদ অর্থ বরাদ্দ পাওয়া গেছে।</td><td>(ক) বিস্তারিত আলোচনার পর ২০২১-২০২২অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার আওতায় টি.আর, কাবিখা, কাবিটা এর নির্বাচনী ও উপজেলা পরিষদ এর অনুকূলে প্রাপ্ত বরাদ্দের অনুকূলে অনুমোদিত অগ্রাধিকার প্রকল্প সমূহের প্রিওয়ার্ক ও প্রাক্কলন প্রস্তুতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(খ) ২০২১-২০২২অর্থবছরে চলমান শীত মৌসুমে গরীব, অসহায় দুঃস্থ ও হতদরিদ্রের মাঝে বিতরণের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ ভান্ডার হতে প্রাপ্ত কম্বল অতিদ্রুত প্রত্যেকটি ইউপি এর জনসংখ্যা ও আয়তনের উপর ভিত্তি করে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি সচিব, সংশ্লিষ্ট ইউনিয়ন, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(গ) শীত মৌসুমে কম্বল/শীতবস্ত্র ক্রয়ের জন্য প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী স্পট কোটেশনের মাধ্যমে দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহন এবং সুষ্ঠুভাবে বিতরনপূর্বক মাষ্টাররোল সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শাহরাস্তি।<br><br>সকল ইউপি সচিব, সংশ্লিষ্ট ইউনিয়ন, শাহরাস্তি<br><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শাহরাস্তি।</td></tr>
<tr><td>৩.</td><td><u>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগঃ</u><br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, কোভিড ভ্যাকসিন প্রদান কমিটি, শাহরাস্তি সভায় জানান যে, শাহরাস্তি উপজেলা কোভিড-১৯ টিকা প্রদান কার্যক্রম সংক্রান্ত বিষয়ে কোভিড ভ্যাকসিন প্রদান কমিটি'র সভাপতি তথা কমিটি অবগত না হওয়ার কারণে ভ্যাকসিন টিকা প্রদান কর্মসূচিতে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে এবং ভ্যাকসিন প্রদান শতকরা হারও সন্তোষজনক নয় এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।</td><td>(ক) শাহরাস্তি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিড ভ্যাকসিন আসার সাথে সাথে ভ্যাকসিন প্রদান কমিটিকে দ্রুত অবহিতকরন পূর্বক সভা আহবান এবং কার্যবিবরণী প্রস্তুতের মাধ্যমে ভ্যাকসিন প্রদান সম্পর্কে কর্মপরিকল্পনা তৈরি করে কোভিড ভ্যাকসিন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শাহরাস্তি।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | বীজ-২০ কেজি, ভুট্টা বীজ- ০২ কেজি হাইব্রীড, সরিষা বীজ- ০১কেজি, সূর্যমুখী বীজ- ০১ কেজি, চিনাবাদাম বীজ- ১০কেজি, শীতকালীন পেঁয়াজ বীজ-০১ কেজি, মুগ ডাল বীজ- ০৫কেজি, মুশুরির ডাল বীজ- ০৫কেজি ও খেসারী ডাল বীজ-০৮ কেজি এবং ১১০ কেজি ডিএপি, ৭০ কেজি এমওপি সার বিনামূল্যে প্রদান করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | অনুরোধ করা হয়।<br><br>(খ) কৃষি প্রনোদনা প্রাপ্ত কৃষকদের সার ও বীজ সঠিক উপায়ে ও সঠিক ভাবে চাষাবাদের বিষয়ে সার্বিক তদারকি ও মনিটরিং করার জন্য উপজেলা কৃষি অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | <br><br>উপজেলা কৃষি অফিসার শাহরাস্তি। |
| ৫. | উপজেলা খাদ্য বিভাগঃ<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহরাস্তি সভায় জানান যে, অত্র উপজেলায় ৫০০ মে: টন ধারন ক্ষমতা সম্পন্ন ০২টি খাদ্য গুদাম রয়েছে। অদ্য ২৮/১১/২০২১খ্রি. তারিখ পর্যন্ত উপজেলা খাদ্য গুদামে পর্যন্ত নিম্নোক্ত খাদ্য শস্য মজুদ আছে বলে জানান,<br>চাল - ৫৩২.১৯৭ মেঃটন (১০৬৪৪ বস্তা)<br>গম - ৩৩.৫৯৪ মেঃটন ( ৬৭৪ বস্তা)<br>তাছাড়া খাদ্য বিভাগের অফিস হতে নভেম্বর-২০২১ মাসে ওএমএস খাতে- ৫২.৫০০ মে: টন, জি.আর খাতে- ৫.০০০ মে: টন চাল, খাদ্য বান্ধব খাতে- ১৩৬.০৫০ মে: টন চাল, ফায়ার সার্ভিস খাতে-০.৫১১ মে: টন চাল এবং ০.৪৭২ মে: টন গমের চালের ডিও ইস্যু করা হয়। তাছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সঠিকভাবে চলছে। | (১) খাদ্য গুদামে ভালো চাল, ধান ও গম সংগ্রহ করাসহ সঠিক পরিমাপ নিশ্চিত করণ এবং বিতরণকৃত খাদ্য শস্য সঠিক পরিমাপ নিশ্চিত করার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহরাস্তিকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহরাস্তি। |
| ৬. | উপজেলা শিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি সভায় বলেন যে, অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়সমূহ স্বাস্থ্য বিধি অনুসরণ করে শিক্ষা কার্যক্রম আরম্ভ হয়েছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছে এবং শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের মুখে মাস্ক পরিধান বাধ্যতামূলক নিশ্চিত করা হয়েছে। আজকে পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে অসুস্থ হওয়ার পড়ার সংবাদ পাওয়া যায়নি। তিনি আরো জানান যে, ২০২২ শিক্ষাবর্ষের প্রাথমিক শিক্ষার নতুন বই পাওয়া গেছে। নতুন বই ভালোভাবে সংরক্ষণ করা হয়েছে। উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক আগামী ০১লা জানুয়ারি ২০২২ তারিখে সকল প্রাথমিক বিদ্যালয়ে নতুন বই ছাত্র-ছাত্রীদের নিকট বিতরণ করা হবে। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (ক) বিস্তারিত আলোচনার পর শাহরাস্তি উপজেলার সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা, স্বাস্থ্য বিধি অনুসরণ করা এবং প্রত্যেক শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থীদের মুখে মাস্ক পরিধান আবশ্যকতা ইত্যাদি বিষয়ে নিয়মিত তদারকি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(খ) ২০২২ শিক্ষাবর্ষের নতুন বই ভালোভাবে সংরক্ষণ করে ০১লা জানুয়ারি ২০২২ তারিখে অত্র উপজেলার সকল প্রাথমিক বিদ্যালয়ে প্রেরন নিশ্চিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার শাহরাস্তি।<br><br>উপজেলা শিক্ষা অফিসার শাহরাস্তি। |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ<br>উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তি সভায় বলেন যে, অত্র উপজেলার সকল কলেজ, মাদ্রসা, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়সমূহ স্বাস্থ্য বিধি অনুসরণ করে শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান পরিস্কার-পরিচ্ছন্ন করা হয়েছে এবং শিক্ষক-শিক্ষিকা ও ছাত্র-ছাত্রীদের মুখে মাস্ক পরিধান বাধ্যতামূলক নিশ্চিত করা হয়েছে। আজকে পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে করোনা ভাইরাসে আক্রান্ত হয়ে অসুস্থ হওয়ার পড়ার সংবাদ পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>তিনি সভায় আরো জানান যে, এস.এস.সি-২০২১ পরীক্ষা চলমান রয়েছে। তাছাড়া আগামী ডিসেম্বর ২০২১ মাসে এইচ.এস.সি-২০২১ পরীক্ষা আরম্ভ হবে। ইতিমধ্যে এইচ.এস.সি পরীক্ষার প্রস্তুতি সম্পন্ন হয়েছে। | (ক) বিস্তারিত আলোচনার পর শাহরাস্তি উপজেলার সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিত করা, স্বাস্থ্য বিধি অনুসরণ করা এবং প্রত্যেক শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থীদের মুখে মাস্ক পরিধান আবশ্যকতা ইত্যাদি বিষয়ে নিয়মিত তদারকি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা শিক্ষা অফিসার, শাহরাস্তিকে অনুরোধ করা হয়।<br><br>(খ) এস.এস.সি পরীক্ষা ২০২১ ও এইচ.এস.সি পরীক্ষা ২০২১ সুষ্ঠুভাবে সম্পন্ন করনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শাহরাস্তি।<br><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শাহরাস্তি। |
| ৮. | পল্লী বিদ্যুৎ বিভাগ, শাহরাস্তিঃ<br>ডিজিএম, চাঁদপুর-১ পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তি সভায় জানান যে, বিভাগীয় নিয়মিত কার্যক্রমের আওতায় অত্র উপজেলায় অক্টোবর ২০২১ মাসে ২৬৮টি নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান, ১৫৬টি পুনঃ সংযোগ প্রদান, ৪২৬টি অভিযোগ নিরসন, ৯৭ কি:মি: বিতরণ লাইন রক্ষণাবেক্ষন করা হয়েছে। তাছাড়া ০২টি গ্রীড থেকে বিদ্যুৎ নেয়ার জন্য ৩৩ কেভি লাইনের ডুয়েল সোর্সের কাজও চলমান রয়েছে। | (ক) বিস্তারিত আলোচনার পর বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠূভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ডিজিএম, চাঁদপুর-১ পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, শাহরাস্তি জোনাল অফিস। |
| ৯. | উপজেলা সমাজসেবা বিভাগঃ<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি সভায় বলেন যে, শাহরাস্তি উপজেলায় ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা সমাজসেবা বিভাগের আওতায় ৩৮ ধরনের ভাতার অনলাইন কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরো জানান যে, অত্র উপজেলায় রোগী কল্যাণ সমিতির আওতায় প্রায়- ২.০০ লক্ষ টাকা ব্যাংক হিসাবে সংরক্ষিত রয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তিরত অসহায় রোগীদের রোগী কল্যান সমিতির মাধ্যমে সহায়তা প্রদান করা যাবে। এ বিষয়ে ব্যাপক প্রচারের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ক) অত্র উপজেলায় বীর মুক্তিযোদ্ধাগণের ভাতা প্রদান ও আবাসন নির্মাণ কার্যক্রম, বিধবা, বয়স্ক, শিক্ষা ভাতা, প্রতিবন্ধী ইত্যাদি সকল ভাতাদি কার্যক্রম অনলাইনে নগদ একাউন্টের মাধ্যমে বিতরণ কাজ চলমান রাখাসহ অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শাহরাস্তি কে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, শাহরাস্তি, চাঁদপুর।<br><br>সকল ইউপি |

| | | | |
|---|---|---|---|
| | | (খ) শাহরাস্তি উপজেলা সমাজ সেবা বিভাগের আওতাধীন রোগী কল্যাণ সমিতির তহবিল হতে অসহায় হতদরিদ্র দু:স্থ রোগীদের আর্থিক সহযোগিতা প্রদানের বিষয়টি ইউপি পর্যায়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সকল ইউপি চেয়ারম্যান, শাহরাস্তিকে অনুরোধ করা হয়। | চেয়ারম্যান শাহরাস্তি। |
| ১০. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি সভায় জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের আওতায় বিগত ১০/০৩/২০১০ তারিখে শাহরাস্তি উপজেলা পরিষদের জীপগাড়িটি (পাজেরো জীপ মডেল নং-V31VHNDRB, প্রস্তুতকাল- জাপান/২০০৯, রেজিস্ট্রেশন নং-চাঁদপুর-ঘ-১১০০-২৩) সংগ্রহ করা হয়। উপজেলা পরিষদের জীপিগাড়িটি দাপ্তরিক কাজে দীর্ঘদিন ব্যবহারের ফলে প্রায়শই তা বিকল হয়ে পড়ে। বারবার জীপগাড়িটি সার্ভিসিং ও মেরামত করায় কিছু কিছু পার্টস ও যন্ত্রাংশ অকেজো হয়ে পড়েছে। বর্তমানে জীপগাড়ীটি'র জরুরীভাবে ডেইন্ট, পেইন্ট, সাসপেন বলজেন, ছকেট জাম্পার, টাইরড এন, হেংগার বুশ, সেলফ স্টাটার, নাখাল জয়েন্ট, বলজেন, স্প্রিং পাতি, গিয়ার মাউন্টেন, ব্রেক সু, ব্রেক প্যাড, চাসপেনছেন খোলা ও ফিটিং, সীট কভার ইঞ্জিনের ওভারোলিং ও মেরামত ইত্যাদি কাজ এবং ০৪টি টায়ার-টিউব ও ০১(এক)টি ব্যাটারী পরিবর্তন করার প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। কিন্তু জীপগাড়িটির বিবিধ যন্ত্রাংশ পরিবর্তন করা হলেও তা পুনরায় অকেজো হয়ে পড়ে। তাই অত্র উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে গতিশীলতা বৃদ্ধিতে দীর্ঘদিন ব্যবহৃত পুরাতন জীপগাড়িটি পরিত্যক্ত/অকেজো ঘোষনাপূর্বক পরিবর্তন করে নতুন একটি গাড়ি সরবরাহ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিত আলোচনার পর শাহরাস্তি উপজেলা পরিষদের দাপ্তরিক কাজে ব্যবহৃত জীপগাড়িটি দীর্ঘদিন ব্যবহারের ফলে পুরাতন ও অকেজো হয়ে পড়ায় জীপগাড়িটি অকেজো/পরিত্যক্ত ঘোষনার নিমিত্ত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-স্থাসবি/প্রশাসন-১/সি-২/২০০৬/১২৪৫, তাং- ৩১ মে ২০০৭ পত্রানুযায়ী প্রস্তাব প্রস্তুতপূর্বক জেলা প্রশাসক মহোদয়, চাঁদপুর ও সভাপতি, স্থানীয় সরকার বিভাগের অধীন দপ্তর/সংস্থাসমূহের যানবাহন অকেজো ঘোষণার নিমিত্তে মাঠ পর্যায়ে গঠিত উপ-কমিটি, এর নিকট প্রেরণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, শাহরাস্তি। |

সভাপতি সকল বিভাগের বিভাগীয় কর্মকান্ড যথাযথভাবে করেন এবং অদ্যকার সভায় গৃহীত সকল সিদ্ধান্ত যথাযথ বাস্তবায়নের ব্যাপারে সকলকে পরামর্শ প্রদান করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল বিভাগের কাজ সমন্বয় করে আন্তরিকতার সাথে সম্পন্ন করার জন্য উপস্থিত সকলকে পরামর্শ প্রদান করেন। সভাপতি কর্তৃক সভায় গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

নাসরিন জাহান চৌধুরী 22-12-2021
চেয়ারম্যান
উপজেলা পরিষদ,শাহরাস্তি
ও
সভাপতি
উপজেলা মাসিক সাধারণ সমন্বয় কমিটি
শাহরাস্তি, চাঁদপুর।

স্মারক নং- ০০.৪২.০৫৩১.০০০.২১.০০১.২০৮১(৪০)

তারিখঃ ২৯.১১.২০২১

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হ'ল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬৪ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, চাঁদপুর-৫।
২. সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম।
৫. জেলা প্রশাসক, চাঁদপুর।
৬. উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চাঁদপুর।

অনুলিপি অবগতি ও কার্যার্থেঃ

১. মেয়র, শাহরাস্তি পৌরসভা, শাহরাস্তি, চাঁদপুর।
২. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহরাস্তি, চাঁদপুর।
৩. উপজেলা.........................................................................
৪. কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), শাহরাস্তি, চাঁদপুর।
৫. চেয়ারম্যান,...................................................... ইউনিয়ন, শাহরাস্তি, চাঁদপুর।
৬. জনাব..............................................................................
৭. অফিস কপি।

শিরীন আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
শাহরাস্তি, চাঁদপুর।